International Labour Organization

Trade for Decent Work

# পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য (OSH): কর্মক্ষেত্রে একটি মৌলিক অধিকার

## আইএলও কনভেনশন নং ১৫৫ এবং নং ১৮৭

## OSH ব্যবস্থাপনার জন্য একটি সিস্টেমভিত্তিক পদ্ধতি

### কনভেনশনগুলো সরকারকে কী করতে বলে?

**কনভেনশন ১৫৫**

### পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য কনভেনশন, ১৯৮১ (নং ১৫৫)

এই কনভেনশন জাতীয় পর্যায়ে একটি নীতিভিত্তিক এবং প্রতিরোধকেন্দ্রিক অর্থাৎ সমন্বিত OSH ব্যবস্থাপনার পদ্ধতি প্রচার করে।

**এটি সকল অর্থনৈতিক খাত এবং সকল ধরনের শ্রমিকের জন্য প্রযোজ্য।**



**১**

#### জাতীয় OSH নীতি

নিয়োগদাতা ও শ্রমিকদের সঙ্গে পরামর্শের ভিত্তিতে OSH নীতি গ্রহণ, বাস্তবায়ন এবং পর্যালোচনা করা।




**২**

#### জাতীয় পর্যায়ের পদক্ষেপ

- শ্রমিকদের বিপজ্জনক কাজ প্রত্যাখ্যানের অধিকার নিশ্চিত করা
- শ্রম পরিদর্শন ও উপযুক্ত শাস্তির মাধ্যমে OSH আইন প্রয়োগ নিশ্চিত করা।



**৩**

#### প্রতিষ্ঠান-স্তরের পদক্ষেপ



**নিয়োগদাতার দায়িত্ব:**

- শারীরিক ও মানসিকভাবে নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মস্থল নিশ্চিত করা
- সুরক্ষামূলক সরঞ্জাম, প্রশিক্ষণ এবং জরুরি ব্যবস্থা প্রদান করা।



**শ্রমিকের দায়িত্ব:**

- নিয়োগদাতাকে সহযোগিতা করা
- আসন্ন এবং গুরুতর বিপদের বিষয়ে রিপোর্ট করা।

**নিয়োগদাতা ও শ্রমিকের মধ্যে সহযোগিতা অপরিহার্য।**

**কনভেনশন ১৮৭**

### পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য কনভেনশনের জন্য প্রচারমূলক কাঠামো, ২০০৬ (নং ১৮৭)

এটি একটি প্রচারমূলক দলিল যা নিয়োগদাতা ও শ্রমিকদের সঙ্গে পরামর্শক্রমে নীতি, ব্যবস্থা এবং কর্মসূচি উন্নয়নের মাধ্যমে OSH-এর ধারাবাহিক উন্নয়নকে সহায়তা করে।



**১**

#### জাতীয় OSH নীতি

**নিম্নলিখিত বিষয়গুলো প্রচারের জন্য OSH নীতি প্রণয়ন করা:**

- পেশাগত ঝুঁকি ও বিপদের মূল্যায়ন এবং উৎসে ঝুঁকি মোকাবিলা করা
- তথ্য, পরামর্শ এবং প্রশিক্ষণের মাধ্যমে প্রতিরোধমূলক নিরাপত্তা ও স্বাস্থ্য সংস্কৃতি তৈরি করা।



**২**

#### জাতীয় OSH ব্যবস্থা

**নিম্নলিখিত উপাদানসহ একটি জাতীয় OSH সিস্টেম প্রতিষ্ঠা, রক্ষণাবেক্ষণ, ক্রমান্বয়ে উন্নত ও নিয়মিত পর্যালোচনা করা:**

- OSH আইন, বিধি এবং যৌথ চুক্তি
- নির্ধারিত OSH কর্তৃপক্ষ
- পরিদর্শন, আইন ও মানদণ্ড নিশ্চিতকরণ ব্যবস্থা
- পেশাগত আঘাত ও রোগ সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের জন্য ব্যবস্থা
- কর্মক্ষেত্রে নিয়োগদাতা ও শ্রমিকদের মধ্যে সহযোগিতা।



**৩**

#### জাতীয় কর্মসূচি

**OSH কর্মসূচি প্রণয়ন ও নিয়মিত পর্যালোচনা করা যাতে:**

- জাতীয় প্রতিরোধমূলক OSH সংস্কৃতি প্রচারিত হয়
- ঝুঁকি ও বিপদ হ্রাস বা নির্মূল করা যায়

এই কর্মসূচিকে উচ্চ পর্যায়ে অনুমোদিত হতে হবে এবং এর লক্ষ্য, উদ্দেশ্য এবং নির্দেশকসমূহ ব্যাপকভাবে প্রচার করতে হবে।



**৪**

#### অনুসমর্থন বিবেচনা

সরকার নিয়োগদাতা ও শ্রমিক সংগঠনের সঙ্গে পরামর্শক্রমে আইএলও-এর সংশ্লিষ্ট ওঝঐ কনভেনশনগুলো অনুসমর্থনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ বিবেচনা করবে।

## কনভেনশন নং ১৫৫ এবং ১৮৭ এর সুফল কী?



**শ্রমিকদের জন্য:**
শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষা উৎপাদনশীলতা বৃদ্ধি।



**নিয়োগদাতাদের জন্য:**
আরও মসৃণ কার্যক্রম, দক্ষ শ্রমিক আকর্ষণের সুবিধা, শক্তিশালী কর্মক্ষমতা।



**জাতীয় অর্থনীতির জন্য:**
নিরাপদ কর্মক্ষেত্র অর্থনৈতিক বৃদ্ধি ও বৈশ্বিক বাজারে প্রবেশকে সহায়তা করে।

**কনভেনশন নং ১৫৫ এবং নং ১৮৭ এমন কর্মক্ষেত্র নির্মাণে সহায়তা করে যেখানে প্রতিটি শ্রমিক নিরাপদে তাদের পরিবারের কাছে ফিরে যেতে পারে।**



Co-funded by the European Union

EMBASSY OF DENMARK

Kingdom of the Netherlands

Sweden Sverige